

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
www.feni.gov.bd


স্মারক নং- ০৫.২০.৩০০০.০৩১.১৮.০১০.২২-১২২৩ ৪৬১

তারিখ : ১২ ভাদ্র ১৪৩১
২৭ আগস্ট ২০২৪

গণবিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ নম্বর প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে ফেনী জেলা ম্যাজিস্ট্রেসি হতে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/ গোলাবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে।

২। উল্লেখ্য যে, ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রযোজ্য হবে না। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



২৭/০৮/২০২৪
(মুহাম্মৎ শাহীনা আক্তার)
জেলা ম্যাজিস্ট্রেট
ফেনী
☎ ০৩৩১-৭৪০০০ ☎ ০৩৩১-৬১৪০৪
ইমেইল-dcfeni@mopa.gov.bd

স্মারক নং- ০৫.২০.৩০০০.০৩১.১৮.০১০.২২-১২২৩/১ ৪৬১

তারিখ : ১২ ভাদ্র ১৪৩১
২৭ আগস্ট ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. পুলিশ সুপার, ফেনী
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফেনী
৬. উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/পরশুরাম/ফুলগাজী/ছাগলনাইয়া/সোনগাজী/দাগনভূঞা, ফেনী [তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো]
৭. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী [তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো]
৮. জেলা তথ্য অফিসার, ফেনী [তাকে বিজ্ঞপ্তিটি প্রত্যেক উপজেলায় বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৯. অফিসার ইনচার্জ, ফেনী সদর/পরশুরাম/ফুলগাজী/ছাগলনাইয়া/সোনগাজী/দাগনভূঞা মডেল থানা/থানা, ফেনী (তাকে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা অনুযায়ী থানায় আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমাদান ও সংরক্ষণের বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, ফেনীকে অবহিত করার জন্য বলা হলো)।
১০. নোটিশ বোর্ড/অফিস নথি।


২৭/০৮/২০২৪
জেলা ম্যাজিস্ট্রেট
ফেনী